গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-১).০০১.২০-১৬৮ তারিখ: ০৭/০৩/২০২২ খ্রি.

**বিষয়: ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য এ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজি ভার্সন) বিতরণ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণয়নকৃত ২০২২ সালের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে নির্ধারিত গ্রিড অনুযায়ী **১৫তম সপ্তাহের জন্য এ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজি ভার্সন)** বিতরণ করা হলো। বিতরণকৃত অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** ১৫ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজি ভার্সন)

০৭.০৩.২০২২


**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

## এসএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: উচ্চতর গণিত    কোড: ১২৬    স্তর: এসএসসি

| এ্যাসাইনমেন্ট নম্বর | এ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স): প্রশ্ন | নির্দেশনা | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০২ | <br><br>**সমবাহু $\Delta ABC$ এর $AD,\ BE,\ CF$ মধ্যমা এবং পরিব্যাসার্ধ $4\ cm$**<br>**ক) চিত্রে, ভরকেন্দ্র, লম্ববিন্দু ও নববিন্দুবৃত্তের কেন্দ্র একই বিন্দুতে অবস্থিত কেন ব্যাখ্যা কর।**<br>**খ) $\Delta ABC$ এর পরিসীমা নির্ণয় কর।**<br>**খ) টলেমির উপপাদ্য প্রয়োগ করে $PC$ এর দৈর্ঘ্য নির্ণয় কর।**<br>**ঘ) $\Delta ABC$ এর অন্তঃবৃত্ত ও নববিন্দুবৃত্তের ক্ষেত্রফল নির্ণয় করে তুলনামূলক আলোচনা কর।** | • পিথাগোরাসের উপপাদ্যের উপর ভিত্তি করে প্রদত্ত উপপাদ্যগুলো প্রমাণ ও প্রয়োগ করতে পারবে।<br>• ত্রিভুজের পরিকেন্দ্র, ভরকেন্দ্র ও লম্ববিন্দু সম্পর্কিত উপপাদ্যগুলো প্রমাণ ও প্রয়োগ করতে পারবে।<br>• টলেমির উপপাদ্য প্রমাণ ও প্রয়োগ করতে পারবে। | ক) ভরকেন্দ্র, লম্ববিন্দু ও নববিন্দুবৃত্তের সংজ্ঞানুসারে বিন্দু চিহ্নিত করবে এবং ব্যাখ্যা করবে। | **ক)** | • ভরকেন্দ্র, লম্ববিন্দু ও নববিন্দুবৃত্তের কেন্দ্র একই বিন্দুতে অবস্থিত কেন তা ব্যাখ্যা করণ | **০৪** | |
| | | | | | • ভরকেন্দ্র , লম্ববিন্দু ও নববিন্দুবৃত্তের কেন্দ্র চিহ্নিত করণ | ০৩ | |
| | | | | | • ভরকেন্দ্র ও লম্ববিন্দু চিহ্নিত করণ | ০২ | |
| | | | | | • ভরকেন্দ্র চিহ্নিত করণ | ০১ | |
| | | | খ) মধ্যমার দৈর্ঘ্য নির্ণয় করে ত্রিভুজের পরিসীমা নির্ণয় করবে। | **খ)** | • পরিসীমা নির্ণয় | **০৩** | |
| | | | | | • বাহুর দৈর্ঘ্য নির্ণয় | **০২** | |
| | | | | | • যেকোনো একটি মধ্যমা নির্ণয় | ০১ | |
| | | | গ) সর্বসমতা ব্যবহার করে $PB = PC$ প্রমাণ করবে।<br>• টলেমির উপপাদ্য ব্যবহার করে $PC$ এর দৈর্ঘ্য নির্ণয় করবে। | **গ)** | • টলেমির উপপাদ্য ব্যবহার করে $PC$ এর দৈর্ঘ্য নির্ণয় | **০৩** | |
| | | | | | • $AP$ এর দৈর্ঘ্য নির্ণয় ও $PB = PC$ দেখানো | **০২** | |
| | | | | | • $AP$ এর দৈর্ঘ্য নির্ণয় | **০১** | |
| | | | ঘ) ব্যাসার্ধ ও বৃত্তের ক্ষেত্রফলের সূত্র ব্যবহার করবে। | **ঘ)** | • অন্তঃবৃত্ত ও নববিন্দুবৃত্তের ক্ষেত্রফলের তুলনাকরণ | **০৪** | |
| | | | | | • অন্তঃবৃত্ত ও নববিন্দুবৃত্তের ক্ষেত্রফল নির্ণয় | **০৩** | |
| | | | | | • অন্তঃবৃত্ত বা নববিন্দুবৃত্তের ক্ষেত্রফল নির্ণয় | **০২** | |
| | | | | | • অন্তঃবৃত্ত বা নববিন্দুবৃত্তের ব্যাসার্ধ নির্ণয় | **০১** | |
| | | | | | মোট | | |
| | | | | বরাদ্দকৃত নম্বর= ১৪ | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
| --- | --- |
| ১১-১৪ | অতি উত্তম |
| ১০-১১ | উত্তম |
| ০৭-০৯ | ভালো |
| ০০-০৬ | অগ্রগতি প্রয়োজন |

# এসএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: অর্থনীতি　　　　　　বিষয় কোড: ১৪১　　　　　　স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ২ | ক. তোমার বাড়ীতে যে কাজগুলো করা হয় তার মধ্যে থেকে ১০টি কে বেছে নেও। সেগুলোকে যুক্তিসহ শ্রেণিবিভাগ করে অর্থনৈতিক ও অ-অর্থনৈতিক কাজের তালিকা তৈরী কর।<br><br>খ. বাংলাদেশের প্রেক্ষিতে নিম্নোক্ত নার্সারী, শিক্ষকতা, মুদী দোকানদারী, ইক্ষু চাষ, চিনি তৈরি, স্বাস্থ্যক্লিনিক, মাশরুম চাষ, তামাক উৎপাদন, বিড়ি তৈরি, , ছাদে বাগান করা, জুস তৈরি, ট্রাক্টর তৈরি ও বুয়ার কাজ অর্থনৈতিক কাজগুলোকে প্রধান খাতে বিভক্ত করে একটি চার্ট তৈরী করে অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা মূল্যায়ন | বাংলাদেশের বিভিন্ন অর্থনৈতিক কার্যাবলির খাতওয়ারী তালিকা তৈরি করতে পারবে। | • অর্থনৈতিক কাজ ও অ-অর্থনৈতিক কাজের ধারণা<br>• নিজ পরিবারের অর্থনৈতিক ও অ-অর্থনৈতিক কাজের তালিকা তৈরীকরণ<br>• বাংলাদেশের অর্থনৈতিক কাজগুলোকে খাতওয়ারি চিহ্নিত করে তালিকা প্রণয়ন<br>• বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এমন চারটি কাজের (২টি কৃষি ও ২টি অকৃষি) ব্যাখ্যা<br>(দ্বিতীয় অধ্যায়) | |

| নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| অর্থনৈতিক কাজ ও অ-অর্থনৈতিক কাজের ব্যাখ্যা | অর্থনৈতিক কাজ ও অ-অর্থনৈতিক কাজ উদাহরণসহ ব্যাখ্যা | শুধুমাত্র ব্যাখ্যা | আংশিক ব্যাখ্যা | ব্যাখ্যার অস্পষ্টতা | |
| নিজ পরিবারের অর্থনৈতিক কাজ ও অ-অর্থনৈতিক কাজের তালিকা তৈরী | নিজ পরিবারের অর্থনৈতিক ও অ-অর্থনৈতিক কাজের তালিকা যুক্তিসহ তৈরী | তালিকা যুক্তি ছাড়া তৈরী | আংশিক তালিকা তৈরী | তালিকা অস্পষ্ট | |
| বাংলাদেশের অর্থনৈতিক কাজের খাতওয়ারী চার্ট তৈরী | বাংলাদেশের অর্থনৈতিক ১১-১৩টি কাজের যথাযথ খাতওয়ারি চার্ট তৈরী | ৮-১০টি কাজের খাত উল্লেখ করে চার্ট তৈরী করা | ৫-৭টি কাজের খাত উল্লেখ করে চার্ট তৈরী করা | ৪ব ৪ এর কম কাজের খাত উল্লেখ করে চার্ট তৈরী করা | |
| বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এমন চারটি কাজের (২টি কৃষি ও ২টি অকৃষি) ব্যাখ্যা | ৪টি কাজের যথাযথ ব্যাখ্যা প্রদান | ৩টি কাজের যথাযথ ব্যাখ্যা প্রদান | ২টি কাজের যথাযথ ব্যাখ্যা প্রদান | ১টি কাজের যথাযথ ব্যাখ্যা প্রদান | |
| | | | | মোট | |
| বরাদ্দকৃত নম্বর= ১৬ | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০০-০৭ | অগ্রগতি প্রয়োজন |

# এসএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: কৃষিশিক্ষা | বিষয় কোড: ১৩৪ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ) |
|---|---|---|---|
| ২ | "উত্তমরুপে জমি প্রস্তুত না করে ফসল নির্বাচনই ভূমিক্ষয়ের একমাত্র কারণ"- উক্তির পক্ষে বা বিপক্ষে অবস্থান নিয়ে যুক্তি উপস্থাপন। | ● ধাপ উল্লেখপূর্বক জমির প্রস্তুত পদ্ধতি বর্ণনা করতে পারবে।<br>● জমি প্রস্তুতির প্রয়োজনীয়তা বিশ্লেষণ করতে পারবে।<br>● ভূমিক্ষয়, ভূমিক্ষয়ের কারণ ও প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবে।<br>● ভূমিক্ষয়ের ক্ষতিকারক দিকগুলো বর্ণনা করতে পারবে।<br>● ভূমিক্ষয়ের কার্যকরী উপায়সমুহ বিশ্লেষণ করতে পারবে। | ● প্রথম অধ্যায়<br>● প্রথম অধ্যায়ের ২য় ও ৩য় পরিচ্ছেদ<br>✓ জমি প্রস্তুতি কী ও গুরুত্ব<br>✓ ভূমিক্ষয়ের সঞ্জা<br>✓ ভূমিক্ষয়ের প্রকার<br>✓ ভূমিক্ষয়ের কারণ<br>✓ বিষয়ের সাথে সংশ্লিষ্ট করে যুক্তি উপস্থাপন |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| জমি প্রস্তুতি | জমি প্রস্তুতির গুরুত্ব, উদ্দেশ্য ও জমি প্রস্তুতির বিবেচ্য বিষয় সঠিকভাবে উপস্থাপন | জমি প্রস্তুতির গুরুত্ব, উদ্দেশ্য ও জমি প্রস্তুতির বিবেচ্য বিষয় এগুলোর যে কোনো ২টি সঠিকভাবে উপস্থাপন | জমি প্রস্তুতির গুরুত্ব, উদ্দেশ্য ও জমি প্রস্তুতির বিবেচ্য বিষয় এগুলোর যে কোনো ১টি সঠিকভাবে উপস্থাপন | জমি প্রস্তুতির গুরুত্ব, উদ্দেশ্য ও জমি প্রস্তুতির বিবেচ্য বিষয় এগুলোর যে কোনো ১টি অন্তত আংশিক উপস্থাপন | |
| ভূমিক্ষয়ের সঞ্জা ও প্রকারভেদ | ভূমিক্ষয়ের সঞ্জা ও প্রকারভেদের বর্ণনা বাস্তব উদাহরণ এর মাধ্যমে উপস্থাপন | ভূমিক্ষয়ের সঞ্জা ও প্রকারভেদের বর্ণনা উপস্থাপন | ভূমিক্ষয়ের সঞ্জা ও অন্তত ১ টি প্রকারভেদের বর্ণনা উপস্থাপন | ভূমিক্ষয়ের সঞ্জা/ ১টি প্রকারভেদের বর্ণনা উপস্থাপন | |
| ভূমিক্ষয়ের কারণ উল্লেখ ও যুক্তি উপস্থাপন | ভূমিক্ষয়ের সবগুলো কারণ উল্লেখসহ যুক্তি উপস্থাপন | ভূমিক্ষয়ের অন্তত ৫টি কারণ উল্লেখসহ যুক্তি উপস্থাপন | ভূমিক্ষয়ের ৩টি কারণ উল্লেখসহ যুক্তি উপস্থাপন/ ভূমিক্ষয়ের সবগুলো কারণ | ভূমিক্ষয়ের ২টি কারণ উল্লেখসহ যুক্তি উপস্থাপন/ শুধু কয়েকটি কারণ উল্লেখ | |
| যুক্তি উপস্থাপন | বিভিন্ন মিডিয়া ও উৎস থেকে তথ্য সংগ্রহ ও সমসাময়িক/বাস্তব ঘটনাবলীর পর্বেক্ষণের সমন্বয়ে যুক্তি উপস্থাপন | একটি উৎস থেকে তথ্য সংগ্রহ ও সমসাময়িক/বাস্তব ঘটনাবলীর পর্বেক্ষণের সমন্বয়ে যুক্তি উপস্থাপন | একটি উৎস থেকে তথ্য সংগ্রহ করে যুক্তি উপস্থাপন | শুধু পাঠ্যপুস্তকের তথ্য ব্যবহার করে যুক্তি উপস্থাপন | |
| **বরাদ্দকৃত নম্বর: ১৬** | | | | **মোট স্কোর** | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

# এসএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়:গার্হস্থ্য বিজ্ঞান** **বিষয় কোড: ১৫১** **স্তর: এসএসসি**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত) | মুল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | স্কোর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | |
| | | | | | ৪ | ৩ | ২ | ১ | |
| ০২ | ‘সঠিক পারিবারিক বাজেটই পারে আয় ও ব্যয়ের মধ্যে সমতা বিধান করতে।’ উক্ত বক্তব্যের আলোকে একটি মাসিক পারিবারিক বাজেট প্রণয়ন | বাজেটের ধারণা, গুরুত্ব এবং বাজেট তৈরির নিয়ম বর্ণনা করতে পারব এবং পরিবারের জন্য মাসিক বাজেট প্রণয়ন করতে পারব | - বাজেটের ধারণা<br>- বাজেটের গুরুত্ব/প্রয়োজনীয়তা<br>- সুষমভাবে বাজেট তৈরির নিয়ম<br>- একটি পরিবারের (মাসিক আয় ৪০,০০০ টাকা, সদস্য সংখ্যা-৪ জন, মা, বাবা, তোমরা ২ ভাইবোন, ২ জনই স্কুলে পড়ালেখা করছো) জন্য মাসিক সুষম বাজেট প্রণয়ন<br>- বাজেটটি সুষম কিনা তার পক্ষে যুক্তি প্রদর্শন | বাজেটের ধারণা | উদাহরণসহ বাজেটের ধারণা নির্ভুলভাবে ব্যাখ্যা করতে পারলে | উদাহরণসহ বাজেটের ধারণা ব্যাখ্যা করতে পারলে | উদাহরণ ব্যতীত বাজেটের ধারণা ব্যাখ্যা করতে পারলে | বাজেটের ধারণা আংশিকভাবে ব্যাখ্যা করতে পারলে | |
| | | | | বাজেটের প্রয়োজনীয়তা | বাজেটের প্রয়োজনীয়তা নির্ভুল ও যথাযথভাবে ব্যাখ্যা করলে | বাজেটের প্রয়োজনীয়তা যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে | বাজেটের প্রয়োজনীয়তাগুলো লিখতে পারলে | বাজেটের প্রয়োজনীয়তাগুলো আংশিক লিখতে পারলে | |
| | | | | সুষম বাজেট তৈরির নিয়ম | সুষমভাবে বাজেট তৈরির নিয়ম নির্ভুল ও ধারাবাহিকভাবে ব্যাখ্যা করলে | সুষমভাবে বাজেট তৈরির নিয়ম ধারাবাহিকভাবে ব্যাখ্যা করলে | সুষমভাবে বাজেট তৈরির নিয়ম লিখতে পারলে | সুষম বাজেট তৈরির নিয়ম আংশিক লিখতে পারলে | |
| | | | | মাসিক সুষম বাজেট প্রণয়ন | নির্ভুল ও ধারাবাহিকভাবে বাজেট প্রণয়ন করে সেটা সুষম কিনা তার পক্ষে যুক্তি দেখালে | ধারাবাহিকভাবে বাজেট প্রণয়ন করে দেখালে | বাজেট প্রণয়ন করে দেখালে | আংশিক বাজেট প্রণয়ন করে দেখালে | |
| | | | | | | | অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর = ১৬ | মোট | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০০-০৭ | অগ্রগতি প্রয়োজন |

# এসএসসি পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

| বিষয়- চারু ও কারুকলা | বিষয় কোড- ১৪৮ | স্তর- এসএসসি |
|---|---|---|

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা ধাপ/পরিধি | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | |
| | | | | | ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
| ২ | তোমার বাসায় যেসকল কারুশিল্প রয়েছে, পেনসিলের মাধ্যমে সেগুলোর রেখাচিত্র অঙ্কন করে একটি পোর্টফোলিও তৈরি কর। | • কারুশিল্পের সংজ্ঞা বলতে পারবে<br>• গ্রামের পেশাজীবী কারুশিল্পী সম্পর্কে ধারণা পাবে<br>• কারুশিল্পের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে<br>• কী কী উপকরণ দিয়ে কারুশিল্প তৈরি হয় জানতে পারবে<br>• কারুশিল্পে যে ধরনের নকশা ব্যবহার হয় তা জানতে পারবে | • বাসায় ব্যবহার্য আসবাব ও তৈজসপত্র থেকে<br>• কারুশিল্প<br><br>(পাঠ্যবই,<br>শ্রেণিশিক্ষক,<br>ইন্টারনেটের মাধ্যমে জাতীয় জাদুঘর, সোনারগাঁয়ের লোকশিল্প জাদুঘর,<br>আশপাশের প্রতিবেশী/<br>পরিবেশ,<br>শিক্ষকের পরামর্শ, মা-বাবা, ভাইবোনদের সহযোগিতা)<br><br>(রেখাচিত্রগুলি অ্যালবাম করে পোর্টফোলিওর মাধ্যমে জমা দিবে) | বাসায় দৈনন্দিন ব্যবহার্য কারুশিল্প পেনসিলের মাধ্যমে অঙ্কন | রেখাচিত্রের মাধ্যমে কারুশিল্পের সঠিক ড্রইং করেছে | ড্রইং-এর নিয়মগুলি মোটামুটি অনুসরণ করেছে | ড্রইং-এর নিয়ম আংশিক অনুসরণ করেছে | ড্রইং-এর নিয়ম একেবারেই অনুসরণ করা হয় নাই | |
| | | | | বাসায় ব্যবহার্য ১৫টি কারুশিল্পের ড্রইং | সবগুলো কারুশিল্প অঙ্কন করা হয়েছে | ১০টি অঙ্কন করা হয়েছে | ৭টি অঙ্কন করা হয়েছে | ২টি অঙ্কন করা হয়েছে | |
| | | | | বাঁশ, বেত, কাঠ, মাটি, ধাতু, মুর্তা ইত্যাদি মাধ্যমের কারুশিল্প | সবগুলি মাধ্যমের তৈরি কারুশিল্পের ড্রইং করেছে | ৩টি মাধ্যমের তৈরি কারুশিল্পের ড্রইং করেছে | ২টি মাধ্যমের তৈরি কারুশিল্পের ড্রইং করেছে | ১টি মাধ্যমের তৈরি কারুশিল্পের ড্রইং করেছে | |
| | | | | প্রাকৃতিক ও জ্যামিতিক নকশা | উভয় নকশাকে ব্যবহার করে ৮টি ড্রইং করেছে | উভয় নকশাকে ব্যবহার করে ৬টি ড্রইং করেছে | ৪টি ড্রইং করেছে | ২টি ড্রইং করেছে | |
| | | | | | | | | মোট | |
| | | | | মোট নম্বর : ১৬ | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতিউত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ১-৭ | অগ্রগতি প্রয়োজন |

## এসএসসি পরীক্ষা ২০২২ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়:** ক্যারিয়ার শিক্ষা **বিষয় কোড:** ১৫৬ **স্তর:** এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত) | মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
| | | | | | ৪ | ৩ | ২ | ১ | |
| ১<br>প্রথম অধ্যায়ঃ আমি ও আমার ক্যারিয়ার | ক্যারিয়ার শিক্ষা তোমার ভবিষ্যৎ কর্মপ্রাপ্তিতে কিভাবে সহায়তা করবে? (বিশ্লেষণ পূর্বক ২০০-২৫০ শব্দের মধ্যে একটি প্রতিবেদন তৈরি কর) | ১। ক্যারিয়ার শিক্ষার ধারণা ও বিকাশ ব্যাখ্যা করতে পারবে;<br>২। ক্যারিয়ারের সাথে ব্যক্তিগত আগ্রহ, যোগ্যতা ও মূল্যবোধের সম্পর্ক নির্ধারণ করতে পারবে;<br>৩। ভবিষ্যৎ ক্যারিয়ারের রূপরেখা ব্যাখ্যা করতে পারবে;<br>এবং<br>৪। ক্যারিয়ার গঠনের ক্ষেত্রে ব্যক্তিগত মূল্যবোধের গুরুত্ব উপলব্ধি করে তা অর্জনে আগ্রহী হবে। | * সূচনা<br>* তোমার করণীয় (পাঠ্যপুস্তক, বিষয় ভিত্তিক শিক্ষক, , টিভি, পত্র-পত্রিকা, ইন্টারনেট ও পরিবারের সদস্যদের সহযোগিতা )<br>* ক্যারিয়ারের ধারণা ও বিকাশ<br>* ক্যারিয়ার পাঠের যৌক্তিকতা ও ভবিষ্যৎ কর্মপন্থা ও পরিকল্পনা<br>* আমার স্বপ্নের ক্যারিয়ার। | ক্যারিয়ারের ধারণা | ক্যারিয়ার শিক্ষার ধারণা সঠিকভাবে উপস্থাপন করতে পেরেছে। | ক্যারিয়ার শিক্ষার ধারণা অধিকাংশ উপস্থাপন করতে পেরেছে। | ক্যারিয়ার শিক্ষার ধারণা আংশিক উপস্থাপন করতে পেরেছে। | ক্যারিয়ার শিক্ষার ধারণা উপস্থাপনায় অস্পষ্টতা রয়েছে। | |
| | | | | ক্যারিয়ার পাঠের যৌক্তিকতা | ক্যারিয়ার পাঠের যৌক্তিক কারণগুলো সঠিকভাবে ব্যাখ্যা করতে পেরেছে। | ক্যারিয়ার পাঠের যৌক্তিক কারণগুলো অধিকাংশ ক্ষেত্রে ব্যাখ্যা করতে পেরেছে। | ক্যারিয়ার পাঠের যৌক্তিক কারণগুলো আংশিকভাবে করতে পেরেছে। | ক্যারিয়ার পাঠের যৌক্তিক কারণগুলো সঠিকভাবে করতে পারেনি। | |
| | | | | ভবিষ্যৎ কর্মপন্থা ও পরিকল্পনা | ভবিষ্যৎ কর্মপন্থা ও পরিকল্পনা বাস্তবায়নের উপযুক্ত ক্ষেত্রগুলো যথাযথভাবে উপস্থাপন করতে পেরেছে। | ভবিষ্যৎ কর্মপন্থা ও পরিকল্পনা বাস্তবায়নের উপযুক্ত ক্ষেত্রগুলো অধিকাংশ ক্ষেত্রে উপস্থাপন করতে পেরেছে। | ভবিষ্যৎ কর্মপন্থা বাস্তবায়নের উপযুক্ত ক্ষেত্রগুলো আংশিকভাবে উপস্থাপন করতে পেরেছে। | ভবিষ্যৎ কর্মপন্থা ও পরিকল্পনা বাস্তবায়নের উপযুক্ত ক্ষেত্রগুলো উপস্থাপনায় অস্পষ্টতা রয়েছে। | |
| | | | | ক্যারিয়ার শিক্ষার গুরুত্ব | ভবিষ্যত কর্মপ্রাপ্তিতে ক্যারিয়ার শিক্ষার গুরুত্ব যথাযথভাবে উপস্থাপন করতে পেরেছে। | ভবিষ্যত কর্মপ্রাপ্তিতে ক্যারিয়ার শিক্ষার গুরুত্ব অধিকাংশ ক্ষেত্রে উপস্থাপন করতে পেরেছে। | ভবিষ্যত কর্মপ্রাপ্তিতে ক্যারিয়ার শিক্ষার গুরুত্ব আংশিকভাবে উপস্থাপন করতে পেরেছে। | ভবিষ্যত কর্মপ্রাপ্তিতে ক্যারিয়ার শিক্ষার গুরুত্ব উপস্থাপনায় অস্পষ্টতা রয়েছে। | |
| | | | | আমার স্বপ্নের ক্যারিয়ারে | প্রাসঙ্গিক ও সৃজনশীলভাবে উপস্থাপন করেছে। | প্রাসঙ্গিক ও অধিকাংশ ক্ষেত্রে সৃজনশীল উপস্থাপন করেছে। | প্রাসঙ্গিক ও আংশিকভাবে সৃজনশীল উপস্থাপন করেছে। | প্রাসঙ্গিক কিন্তু সৃজনশীলতা নেই। | |
| | | | | | | | | মোট= | |

বরাদ্দকৃত নম্বরঃ ২০

বিঃদ্রঃ যথাযথ/সঠিক-৮০%-১০০%, অধিকাংশ- ৭০%-৭৯%, আংশিক- ৫০%-৬৯% এবং নেই-৫০% -কম।

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
| --- | --- |
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০-০৯ | অগ্রগতির প্রয়োজন |